পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট-১

# বাংলাদেশ ব্যাংক

**প্রধান কার্যালয়**

**ঢাকা।**

**পিএসডি-১, সার্কুলার নং: ০১**

**তারিখ: ৮ ফেব্রুয়ারি, ২০২৬ / ২৫ মাঘ, ১৪৩২**

প্রধান নির্বাহী কর্মকর্তা/ মহাপরিচালক/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস প্রোভাইডার প্রতিষ্ঠান/তফসিলি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

**আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে এমএফএস ও পিটুপি লেনদেন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে এমএফএস ও এনপিএসবি'র আওতাধীন আইবিএফটি'র মাধ্যমে পিটুপি লেনদেনের অপব্যবহার রোধকল্পে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা যাচ্ছে-

ক) ০৯/০২/২০২৬ তারিখ রাত ১২:০০ ঘটিকা হতে ১২/০২/২০২৬ তারিখ রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত; পূর্ণ ৯৬ ঘন্টা এমএফএস ব্যক্তিক হিসাবের সীমা নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো:

- পি-টু-পি লেনদেনের ক্ষেত্রে প্রতিটি লেনদেনের সর্বোচ্চ সীমা হবে ১০০০/- (এক হাজার) টাকা ও লেনদেনের সর্বোচ্চ সংখ্যা হবে দৈনিক ১০টি;
- মার্চেন্ট পেমেন্ট এবং ইউটিলিটি বিল এর ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুযায়ী নিয়মিত লেনদেনের বিধান অপরিবর্তিত থাকবে;
- এতদ্ব্যতীত অন্যান্য সকল ধরণের এমএফএস লেনদেন বর্ণিত সময়কালে সাময়িকভাবে বন্ধ থাকবে।

খ) নির্বাচন উপলক্ষে এমএফএস সংক্রান্ত অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিটি মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডার কর্তৃক নিজস্ব কুইক রেসপন্স সেল গঠন করতে হবে;

গ) উল্লিখিত সময়ে সকল প্রকার লেনদেন এমএফএস প্রোভাইডার কর্তৃক সার্বক্ষণিক নিবিড় পর্যবেক্ষণ (ক্লোজ মনিটরিং) এর আওতায় আনা এবং সন্দেহজনক বা অস্বাভাবিক লেনদেনের ক্ষেত্রে দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট থানায় রিপোর্ট করতে হবে;

ঘ) উল্লিখিত সময়ে পি-টু-পি ইন্টারনেট ব্যাংকিং (আইবিএফটি এর মাধ্যমে লেনদেন) সম্পূর্ণ বন্ধ থাকবে;

ঙ) এমএফএস প্রোভাইডার ও ব্যাংকসমূহ নির্বাচন কমিশন এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর চাহিদা মোতাবেক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

বর্ণিত সময়সীমার পর স্বাভাবিক লেনদেন যথারীতি পুনর্বহাল হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আ.ন.ম. মঈনুল কবীর)
পরিচালক (পিএসডি-১)
ফোনঃ ৯৫৩০৩৩৪